

একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
(www.bnfe.gov.bd)

স্মারক সংখ্যা-৩৮.০০.০০০০.৩০৮.০৫.০২০.১৬- ১৪৩



তারিখ : ১৯ কার্তিক ১৪২৮
০৪ নভেম্বর ২০২১

বিষয়: উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রের “এনএফই লার্গারস প্রোফাইল সিস্টেম” ডিজিটাইজেশন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক বাস্তবায়িত শিখন কেন্দ্রের শিক্ষার্থীদের তালিকা প্রণয়ন ও ব্যবস্থাপনা ডিজিটাইজেশন করার লক্ষ্যে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক একটি অনলাইন প্ল্যাটফর্ম “এনএফই লার্গারস প্রোফাইল সিস্টেম” উন্নয়ন করা হয়েছে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েবসাইটে প্রদত্ত “এনএফই লার্গারস প্রোফাইল সিস্টেম” লিংক থেকে উক্ত সাইটে প্রবেশ করা যাবে। জেলা সহকারী পরিচালক/বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক উক্ত সাইটে প্রবেশের আইডি, পাসওয়ার্ড ও ব্যবহার নির্দেশিকা সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো এবং বাস্তবায়নকারী সংস্থার দাপ্তরিক ই-মেইলে প্রেরণ করা হবে।

২। এমতাবস্থায়, বিষয়টির গুরুত্ব বিবেচনায় সকল সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/বাস্তবায়নকারী সংস্থার নির্বাহী পরিচালকগণকে প্রয়োজনীয় তথ্য “এনএফই লার্গারস প্রোফাইল সিস্টেম” সফটওয়্যারে নির্ভুলভাবে ও সঠিক সময়ে ডাটা এন্ট্রি সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আজিউর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ২২২২৮৭৮৯৫


বিতরণ:

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
০২। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো (সকল).....।
০৩। নির্বাহী পরিচালক,।


অনুলিপি:

- ০১। চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। অফিস কপি।


সেবা ডিজিটাইজেশন


অর্থবছরঃ ২০২১-২০২২

- ১। ডিজিটাইজেশনকৃত সেবার নামঃ এনএফই লার্গালস প্রোফাইল সিস্টেম
২। সেবাটি ডিজিটাইজেশনের পূর্বের প্রসেস ম্যাপ এবং পরের প্রসেস ম্যাপ







৩। সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost, Visit) এর তুলনা:

	সহজিকরণের পূর্বের পদ্ধতি	সহজিকরণের পরের পদ্ধতি
সময় (দিন/ঘন্টা)	৮ দিন	২ ঘন্টা
খরচ (নাগরিক ও অফিসের)	আবেদনকারী যাতায়ত বাবদ খরচ	কোন খরচ নাই
যাতায়ত	যাতায়তের প্রয়োজন হয়	যাতায়তের প্রয়োজন নাই
ধাপ	১৪টি	০৮ টি
জনবল	০৬ জন	০১ জন
দাখিলীয় কাগজপত্র	আবেদন পত্র	কাগজপত্রের প্রয়োজন নাই

মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)'র ১ম ধাপে ১৩৪টি উপজেলায় মোট ২৩,৬০,০৪০ জন নিরক্ষর নারী ও পুরুষকে মৌলিক সাক্ষরতা প্রদান করা হয়েছে। ২য় ধাপে ২১ লক্ষ নিরক্ষর শিক্ষার্থীদেরকে মৌলিক সাক্ষরতা প্রদানের লক্ষ্যে ১১৪টি উপজেলায় কর্মসূচি বাস্তবায়নকারী সংস্থার মাধ্যমে বাস্তবায়িত হচ্ছে। মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) মোট ৪৪,৬০,০৪০ জন শিক্ষার্থীর তথ্য এবং পরবর্তীতে চলমান অন্যান্য প্রকল্পের শিক্ষার্থীদের একটি অনলাইন ডাটাবেইজ ম্যানেজমেন্ট সিস্টেম উন্নয়ন করে উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র ওয়েবসাইটে লিংক তৈরির মাধ্যমে বিভিন্ন স্টেকহোল্ডারদের কে সহজে ডিজিটাল সেবা প্রদান করা যাবে।